

🗏 আল-ইখলাস | Al-Ikhlas | ٱلْإِخْلَاص

আয়াতঃ ১১২ : ৩

💵 আরবি মূল আয়াত:

لَم يَلِد وَ لَم يُولَد ﴿٣﴾

তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি। — আল-বায়ান তিনি কাউকে জন্ম দেন না, আর তাঁকেও জন্ম দেয়া হয়নি। — তাইসিরুল তাঁর কোন সন্তান নেই এবং তিনিও কারও সন্তান নন, — মুজিবুর রহমান He neither begets nor is born, — Sahih International

- ৩. তিনি কাউকেও জন্ম দেননি এবং তাকেও জন্ম দেয়া হয়নি(১),
 - (১) যারা আল্লাহর বংশ পরিচয় জিজ্ঞেস করেছিল, এটা তাদের জওয়াব। সন্তান প্রজনন সৃষ্টির বৈশিষ্ট্য- স্রষ্টার নয়। অতএব, তিনি কারও সন্তান নন এবং তাঁর কোন সন্তান নেই। আবু হুরাইরা রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেন, "আদম সন্তান আমার উপর মিথ্যারোপ করে অথচ এটা তার জন্য উচিত নয়। আর আমাকে গালি দেয়, এটাও তার জন্য উচিত নয়। তার মিথ্যারোপ হচ্ছে, সে বলে আমাকে যেভাবে প্রথমবার সৃষ্টি করেছেন সেভাবে তিনি কখনও আমাকে পুনরায় সৃষ্টি করবেন না। অথচ দ্বিতীয় সৃষ্টি প্রথম সৃষ্টির চেয়ে কোনভাবেই কঠিন নয়। আর আমাকে গালি দেয়ার ব্যাপারটি হলো, সে বলে আল্লাহ সন্তান গ্রহণ করেছেন। অথচ আমি একক, সামাদ, জন্মগ্রহণ করিনি এবং কাউকে জন্মও দেইনি। আর কেউই আমার সমকক্ষ নেই।" [বুখারী: ৪৯৭৪]

তাফসীরে জাকারিয়া

- ৩। তাঁর কোন সন্তান নেই এবং তিনিও কারো সন্তান নন। [1]
 - [1] অর্থাৎ, জনক নন এবং জাতকও নন। তাঁর থেকে কিছু উদ্ভূত নয় এবং তিনিও কিছু থেকে উদ্ভূত নন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6224

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন